ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৩১৬
আগরতলা,২৩ সেপ্টেম্বর,২০২৪

## ব্রজেশ চক্রবর্তীকে মরণোত্তর পন্ডিত দীনদয়াল জাতীয় সংহতি পুরস্কার

সামাজিক কাজ ও জনসংযোগ রক্ষায় বিশেষ অবদানের জন্য স্বর্গীয় ব্রজেশ চক্রবর্তীকে এবছর মরণোত্তর পন্ডিত দীনদয়াল জাতীয় সংহতি পুরস্কার দেওয়া হবে। আগামী ২৫ সেপ্টেম্বর রবীন্দ্র শতবার্ষিকী ভবনে দুপুর সাড়ে ১২টায় পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে এই পুরস্কার প্রদান করা হবে। অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। পন্ডিত দীনদয়াল উপাধ্যায় সংহতি পুরস্কার ২০১৮ সালে আগরতলা বইমেলা উপলক্ষে চালু হয়েছিল। এবছর থেকে পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জন্মদিন উদযাপন উপলক্ষে এই পুরস্কার দেওয়া হবে। এই পুরস্কারের আর্থিকমূল্য ১ লক্ষ টাকা। সাথে মানপত্র ও উত্তরীয় দেওয়া হয়। ২০১৮ সালে এই পুরস্কার পেয়েছিলেন বিক্রম বাহাদুর জমাতিয়া। ২০১৯ থেকে ২০২৩ পর্যন্ত এই পুরস্কার পেয়েছেন যথাক্রমে প্রভাস চন্দ্র ধর, পীযূষ কান্তি চক্রবর্তী, জয়শ্রী শর্মা, মনোজ দেবরায় ও প্রয়াত ডা. এইচ এস রায় চৌধুরী।

উল্লেখ্য, রাষ্ট্রবাদী চেতনার আদর্শে দীক্ষিত সমাজসেবী স্বর্গীয় ব্রজেশ চক্রবর্তী ১৯৩৫ খ্রিস্টাব্দে বর্তমান বাংলাদেশের নোয়াখালি জেলার বিষ্ণুপুরে জন্মগ্রহণ করেন। ২০১৪ সালের ৪ অক্টোবর তিনি প্রয়াত হন। তাঁর প্রাথমিক শিক্ষার সূচনা হয়েছিল কুমিল্লার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর বিদ্যালয়ে। পরবর্তীতে বিদ্যালয় জীবন সমাপ্ত হয় আগরতলার নেতাজি সুভাষ বিদ্যানিকেতনে। এমবিবি কলেজ থেকে তিনি স্নাতক হন। পরবর্তীতে ত্রিপুরা রাজ্যের রাজনৈতিক ও সমাজ জীবনে তিনি বিশেষ অবদান রেখেছিলেন। সমাজের পিছিয়ে পড়া জনগণের সার্বিক বিকাশে তাঁর অবদান ছিল অপরিসীম।

*****